# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬৬

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ (১০) যেসব আমলের ক্ষেত্রে সাদাকা করার হুকুম প্রযোজ্য হবে তার বিবরণ - যখন কোন ব্যক্তির সাদাকাহ করার সক্ষমতা না থাকবে, তখন সেই ব্যক্তির নিজের, পরিবার-পরিজনের জন্য খরচ করা সাদাকাহ হিসেবে গণ্য হবে

## 10 ـ باب ما يكون له حكم الصدقة ـ ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ نَفَقَةَ الْمَرْءِ عَلَى نَفْسِهِ وعياله تَكُونُ لَهُ صَدَقَةً عِنْدَ عَدَمِ الْقُدْرَةِ عَلَيْهَا

---

আরবী

3366 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ: حَدَّثَنَا رَوْحِ بْنِ الْقَاسِمِ , عَنِ ابْنِ عَجْلَانَ , عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ , عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى الله عليه وسلم ـ حَثَّ ذَاتَ يَوْمٍ عَلَى الصَّدَقَةِ , فَقَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ! عِنْدِي دِينَارٌ؟ فَقَالَ: ((تَصدَّقْ بِهِ عَلَى نَفْسِكِ)). قَالَ: عِنْدِي آخَرُ؟ قَالَ:
((تَصدَّقْ بِهِ عَلَى وَلَدِكَ)). قَالَ: عِنْدِي آخَرُ؟ قَالَ: ((تَصدَّقْ بِهِ عَلَى زَوْجَتِكَ)). قَالَ: عِنْدِي آخَرُ؟ قَالَ:
((تَصَدَّقْ بِهِ عَلَى خَادِمِكَ)). قَالَ: عندي آخر؟ قال: ((أنت أبصر)).
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3366 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (1484).

বাংলা

৩৩৬৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাদাকাহ করার জন্য উদ্বুদ্ধ করেন। তখন এক ব্যক্তি বললেন, “হে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার কাছে একটি দীনার রয়েছে।” তিনি বললেন, “এটা তুমি তোমার নিজের জন্য খরচ করো।” সেই

ব্যক্তি বললেন, “আমার কাছে আরেক দীনার রয়েছে।” তিনি বললেন, ““এটা তোমার সন্তানের জন্য খরচ করো।” সেই ব্যক্তি বললেন, “আমার কাছে আরেক দীনার রয়েছে।” তিনি বললেন, “এটা তোমার স্ত্রীর জন্য খরচ করো।” সেই ব্যক্তি বললেন, “আমার কাছে আরেক দীনার রয়েছে।” তিনি বললেন, “এটা তোমার গোলামের জন্য খরচ করো।”  সেই ব্যক্তি আবার বললেন, “আমার কাছে আরেক দীনার রয়েছে।” তিনি জবাবে বললেন, “এই ব্যাপারে তুমি ভালো বুঝো।”[1]

## ফুটনোট

[1] ইমাম শাফেঈ: ২/৬৩-৬৪; মুসনাদ আহমাদ: ২/২৫১; আবূ দাঊদ: ১৬৯১; নাসাঈ: ৫/৬২; তুহফাতুল আহওয়াযী: ৯/৪৯৩-৪৯৪; হাকিম: ১/৪১৫; সুনান বাইহাকী: ৭/৪৬৬; বাগাবী: ১৬৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ:১৪৮৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92699

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন